

## চবিতে ভর্তি জালিয়াতির অভিযোগে ৭ জন আটক

চট্টগ্রাম ব্যুরো •

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ২০১৭-১৮ শিক্ষাবর্ষে 'এ' ইউনিটের (বিজ্ঞান অনুষদ) স্নাতক ভর্তি পরীক্ষায় প্রক্সি (একজনের হয়ে আরেকজন পরীক্ষা দেওয়া) দেওয়ার আগেই ছাত্রলীগ নেতাসহ সাতজনকে আটক করেছে পুলিশ। তাদের মধ্যে চারজন ভর্তিচ্ছু শিক্ষার্থী, দুজন মূল পরিকল্পনাকারী ও একজন মধ্যস্থতাকারী। গতকাল রবিবার বিভিন্ন সময়ে তাদের আটক করা হয়।

আটকরা হলেন মূল পরিকল্পনাকারী বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের স্মৃগিত কমিটির সহসম্পাদক ও আইইআরটি বিভাগের ২০১২-১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মো. শহিদুল্লাহ এরপর পৃষ্ঠা ৯ কলাম ৫

## চবিতে ভর্তি জালিয়াতির

(৩ এর পৃষ্ঠার পর) এবং একই বিভাগের মো. রায়হানুল হক। শহিদুল্লাহর বাড়ি চট্টগ্রামের পটিয়ায় আর রায়হানের বাড়ি রাউজানে। এ ছাড়া চার ভর্তিচ্ছু শিক্ষার্থী হলেন নোয়াখালীর মো. ফরহাদ ও মিজানুর রহমান, টাঙ্গাইলের সাঈদ আল কবির এবং মানিকগঞ্জের মুশফিকুর সাঈদ। অপর মধ্যস্থতাকারী হলেন চট্টগ্রাম কলেজের পরিসংখ্যান বিভাগের স্নাতকোত্তরের ছাত্র তহিন।

চবির প্রক্সির আলী আজগর চৌধুরী বলেন, গত শনিবার রাতে পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে মূল পরিকল্পনাকারী দুজনকে ক্যাম্পাসসংলগ্ন তাদের বাসা থেকে আটক করে। এ সময় তাদের কাছ থেকে পরীক্ষার্থীদের মার্কশিট, ১০০ টাকার খালি স্ট্যাম্প উদ্ধার করে।